



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



৩৮১০৪/১৪৬০০

তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি

নং: ৩৭.০৮.০০০০.৮০১.২৫.০০১.১৯- ২৭৬৭

বিষয়: 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কলেজ পর্যায়ের শিক্ষক মনোনয়ন

উপরুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ জৈষ্ঠ - ০৫ আশাঢ় ১৪৩০ বং/ ০৬ - ১৯ জুন ২০২৩ খ্রি. পর্যন্ত কলেজ পর্যায়ের শিক্ষকগণের জন্য আয়োজিত ৯ম 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন ক্লিকেল জেলার ৩(তিনি)জেলার ৩(তিনি)টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৩(তিনি)জন প্রভাষক/জ্যেষ্ঠ প্রভাষক/সহকারি অধ্যাপক পদমর্যাদার শিক্ষক-কে (ডিজিটাল কনটেন্ট প্রস্তুত বিষয়ক প্রশিক্ষণ নেই এমন শিক্ষক) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষকগার্হীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্থানকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পূর্বে মনোনয়ন দেয়া হয়েছে এমন কলেজ থেকে শিক্ষক মনোনয়ন দেয়া যাবে না এবং মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

- যিনি বিগত ০১(এক) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ অথবা যে কোন সময়ে নায়েমে আইসিটি/ডিজিটাল কনটেন্ট কোর্স সম্পন্ন করেছেন অথবা অন্যত্র ডিজিটাল কনটেন্ট প্রস্তুত বিষয়ক প্রশিক্ষণ আছে তিনি উক্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
- বেসরকারি কলেজ শিক্ষকের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ০২(দুই) বছর এবং অবশ্যই ইনডেক্সারী (MPO) এবং সরকারি কলেজ প্রভাষকগণকে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তকারী হতে হবে।
- মনোনীত প্রশিক্ষকগার্হীগণকে আগামী ০৬/০৬/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে নায়েম হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
- মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিনি) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর >অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরনপূর্বক কোর্সে যোগদান করবেন এবং রেজিস্ট্রেশনকৃত ফর্মের প্রিন্ট কপি সংগে নিয়ে আসবেন।
- প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে জনাব এ কে এম শাহ আলম, ফোন-০১৮১৬০৬০৩০/০১৫৫২০২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
- সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ) সংকুলানের জন্য জনপ্রতি আনুমানিক ১৫,০০০/- (পেনের হাজার) টাকাসহ নিজ প্রয়োজনমত অন্যান্য আনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার বিল এ অফিসে পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাকিং সিস্টেমে প্রশিক্ষকগার্হীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, হিসাব সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পুরণ করে আনতে হবে।
- মনোনীত শিক্ষককে অন-লাইনে সম্পাদিত রেজিস্ট্রেশন ফর্ম, পাসপোর্ট সাইজের এক কপি ছবি, কোর্সে অংশগ্রহণের সম্মতিপত্র, এমপিও শীট, মাস্ক এবং ১০ টাকা মূল্যমানের ০১টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
- তাঁর প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ/বা-ইউ/৫৮০ তাঁ ১০-০১-৯৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি: অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাংক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫/৫/২৩

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

প্রাপকঃ

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ৩৮১০৪/১৪৬০০/হুমিল্য/ম্যানগ্রিং/সিলি-

নং: ৩৭.০৮.০০০০.৮০১.২৫.০০১.১৯- ২৭৬৭ (৮)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা;
- উপ-পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- হোস্টেল সুপারিনেন্টেন্ডেন্ট, মুক্তিযোদ্ধা/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
- তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা।

২৪/৫/২৩
(এ কে এম শাহ আলম)

প্রোগ্রামার, আইসিটি সেল ও
কোর্স সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৬৭৫৪০ (অফিস)

৩৮১০৪/১৪৬০০

তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি.